BENGALI EDITION
GLOBAL HISTORY AND GEOGRAPHY II
THURSDAY, JANUARY 25, 2024
9:15 A.M. TO 12:15 P.M., ONLY

The University of the State of New York

**REGENTS HIGH SCHOOL EXAMINATION**

# বৈশ্বিক ইতিহাস এবং ভূগোল সম্পর্কে রিজেন্টস পরীক্ষা II

**বৃহস্পতিবার,** 25 জানুয়ারি, 2024 — সকাল 9:15 থেকে দুপুর 12:15 পর্যন্ত মাত্র

শিক্ষার্থীর নাম ______________________________________________

স্কুলের নাম ______________________________________________

**এই পরীক্ষা দেওয়ার সময় কোনো যোগাযোগের ডিভাইস সাথে রাখা বা ব্যবহার করা কঠোরভাবে নিষিদ্ধ। আপনার কাছে যদি কোনো যোগাযোগের ডিভাইস থাকে বা তা ব্যবহার করেন, তা যত সীমিত সময়ের জন্যই হোক না কেন, আপনার পরীক্ষাটি বাতিল করা হবে এবং আপনার জন্য কোনো নম্বর গণনা করা হবে না।**

উপরের লাইনগুলোতে আপনার নাম ও আপনার স্কুলের নাম লিখুন। আপনাকে একটি আলাদা উত্তরপত্র প্রদান করা হয়েছে। আপনার উত্তর-পত্রের শিক্ষার্থী সম্পর্কিত তথ্য সম্পন্ন করার জন্য প্রক্টরের দেওয়া নির্দেশাবলী অনুসরণ করুন। তারপর আপনার রচনা পুস্তিকার প্রতি পৃষ্ঠার শিরোনাম পূরণ করুন।

এই পরীক্ষায় তিনটি অংশ রয়েছে। আপনাকে সব অংশের **সব** কটি প্রশ্নের উত্তর দিতে হবে। অংশ II এবং III-তে আপনার উত্তরসমূহ লেখার জন্য কালো বা গাঢ়-নীল কালি ব্যবহার করুন।

**অংশ I** এ 24টি বহুনির্বাচনী প্রশ্ন আছে। উত্তরপত্রে যেভাবে বলা আছে সেভাবে এই প্রশ্নগুলোর উত্তর লিখুন।

**অংশ II** এ দুই সেট গঠিত-সাড়া প্রদানের প্রশ্নসমূহ (CRQ) আছে। প্রতিটি গঠিত-সাড়া প্রদানের প্রশ্নসমূহের সেট দুটি নথি দিয়ে তৈরি যার পরে আছে কয়েকটি প্রশ্ন। আপনি যখন পরীক্ষার এই অংশে পৌঁছাবেন, তখন এই অংশের প্রথম পৃষ্ঠায় আপনার নাম ও আপনার স্কুলের নাম লিখবেন। এই পরীক্ষার পুস্তিকার প্রতিটি প্রশ্নের উত্তর সেই প্রশ্নের পরে দেওয়া লাইনগুলিতে লিখুন।

**অংশ III** এ পাঁচটি নথির উপর ভিত্তি করে একটি রচনামূলক প্রশ্ন রয়েছে। আপনার রচনার পুস্তিকায় এই প্রশ্নটির উত্তর লিখুন।

পরীক্ষা সম্পন্ন করার পরে আপনাকে অবশ্যই আপনার পৃথক উত্তরপত্রে মুদ্রিত ঘোষণায় স্বাক্ষর করতে হবে এই মর্মে যে পরীক্ষার আগে প্রশ্ন বা উত্তরগুলি সম্পর্কে আপনার কোনো আইন বিরুদ্ধ জ্ঞান ছিল না এবং পরীক্ষা চলাকালীন আপনি কোনো প্রশ্নের উত্তর দেওয়ার জন্য সহায়তা প্রদান করেননি বা পাননি। আপনি এই ঘোষণায় স্বাক্ষর না করলে আপনার উত্তরপত্র গ্রহণ করা যাবে না।

**সঙ্কেত না দেওয়া অবধি এই পরীক্ষার পুস্তিকা খুলবেন না।**

## ভাগ I

**এই অংশের সকল প্রশ্নের উত্তর দিন।**

*নির্দেশনা* (1-28): প্রত্যেকটি বিবৃতি বা প্রশ্নের জন্য, প্রদত্ত শব্দ বা রাশিগুলি থেকে সেই শব্দটি বা রাশিটির নম্বর পৃথক উত্তরপত্রে লিপিবদ্ধ করুন যা বিবৃতিটি সর্বোত্তমভাবে সম্পন্ন করে অথবা প্রশ্নটির উত্তর দেয়।

নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে 1 এবং 2 নম্বর প্রশ্নের উত্তর দিন।

> . . .তিনি সব কিছুতেই জাঁকজমক, বিশালতা, এবং প্রাচুর্য [অতিরিক্ত জাঁকজমক] পছন্দ করতেন এবং তার দরবারেও একই রকম রুচিকে উৎসাহ দিতেন; ইকুইপেজ [গাড়ি] এবং ভবনের পেছনে, ভোজসভা এবং তাস খেলায় অবাধে অর্থ ব্যয় করা ছিল তার অনুগ্রহ লাভের এক নিশ্চিত উপায়, সম্ভবত তাঁর সামীপ্য, পদ বা প্রতিশ্রুতি লাভের ক্ষেত্রে। নীতির উদ্দেশ্য এর সাথেই সম্পৃক্ত ছিল; ব্যয়বহুল অভ্যাসকে ফ্যাশনে পরিণত করে এবং নির্দিষ্ট পদ মর্যাদায় থাকা লোকদের কাছে এটাকে প্রয়োজনীয়তায় পরিণত করে, তিনি দরবারীদের তাদের আয়ের থেকে বেশি ব্যয় করতে বাধ্য করেছিলেন এবং ধীরে ধীরে তাদের জীবিকা নির্বাহের জন্য তার অনুগ্রহের উপর নির্ভর থাকতে বাধ্য করেছিলেন। এটি এমন প্লেগের মতো, সূচনা হওয়ার পরে সারা দেশে ছড়িয়ে পড়েছিল, কারণ এটির প্যারিসে এবং সেখান থেকে সেনাবাহিনী এবং প্রদেশগুলিতে ছড়িয়ে পড়তে বেশি সময় লাগেনি; ফলে যেকোনো পদমর্যাদার মানুষের মর্যাদা এখন তার খাবার-দাবার এবং অন্যান্য বিলাসবহুল ব্যয়ের উপর সম্পূর্ণরূপে অনুমান করা হতো। অহংকার এবং দাম্ভিকতার [অতিরিক্ত ব্যয়] ওপর টিকে থাকা এই নির্বুদ্ধিতা, ইতোমধ্যেই ব্যাপক বিভ্রান্তি সৃষ্টি করে; এটির পরিসমাপ্তিতে ধ্বংস এবং উৎখাতের সম্ভাবনা সৃষ্টি করে। . . . .

উৎস: F. Arkwright ed., *The Memoirs of the Duke de Saint-Simon*, Brentano's

1 কোনো ঐতিহাসিক এই অনুচ্ছেদটি কাজে লাগিয়ে রাজা লুই XIV-এর এই প্রচেষ্টা ব্যাখ্যা করতে পারেন

(1) অভিজাত শ্রেণীকে নিয়ন্ত্রণ করা
(2) দরবারে বিশ্বাস প্রতিষ্ঠা করা
(3) আত্ম-নির্ভর হওয়ার জন্য প্রয়োজনীয় জিনিস সরবরাহ করা
(4) নিম্নবিত্ত শ্রেণীর ওপর থেকে কর নির্মূল করা

2 এই অনুচ্ছেদে প্রাপ্ত প্রমাণের ভিত্তিতে কোন দাবিটি সবচেয়ে ভালোভাবে সমর্থিত?

(1) দরবারে সাক্ষাত করার ফলে প্যারিসে রোগ ছড়িয়ে পড়েছিল।
(2) লুই XIV ধর্ম-সহিষ্ণুতাকে সমর্থন করতেন।
(3) লুই XIV-এর মাত্রাতিরিক্ত ব্যয়ের ফলে নেতিবাচক ফলাফল দেখা দিয়েছিল।
(4) ফ্রান্সে নিরঙ্কুশতা, বিভিন্ন শ্রেণীর মধ্যে সমতাকে উন্নীত করেছিল।

নিচে দেওয়া উদ্ধৃতি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে 3 নম্বর প্রশ্নের উত্তর দিন।

> . . .প্রত্যেক সরকারের তিন ধরনের ক্ষমতা থাকে: বিধানিক; যা দেশের আইনের উপর নির্ভরশীল বিষয়গুলির নির্বাহী; এবং কার্যনির্বাহী যা নাগরিক আইনের উপর নির্ভরশীল বিষয়গুলির নির্বাহী।. . . .

উৎস: Baron de Montesquieu, *The Spirit of the Laws*, 1748

3 এই উদ্ধৃতিটিতে কোন ধারণা বর্ণনা করা হচ্ছে?
(1) শাসিতদের সম্মতি
(2) প্রাকৃতিক নিয়ম
(3) ক্ষমতার পৃথকীকরণ
(4) সামাজিক চুক্তি

---

নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে 4 এবং 5 নম্বর প্রশ্নের উত্তর দিন।

> . . .অষ্টাদশ শতাব্দীর শেষের দিকে পশ্চিমীরা তুর্কিদের ক্ষমতা ও দুর্বলতা সম্বন্ধে সম্পূর্ণ নির্ভুল উপলব্ধি না করলেও, তা স্পষ্ট ধারণা অনুমান করে ফেলেছিল। তারা দেখেছিল, কনস্টান্টিনোপলে একত্রিত করা অটোমান সেনাবাহিনীই সেই সুলতানের অধীনে থাকা বিশাল সম্পদের সবচেয়ে দৃশ্যমান প্রমাণ। যেমন ভেনিসীয়রা সুচতুরভাবে উল্লেখ করেছিল, 'তুরস্কের ভূমির নিরাপত্তা সর্বাগ্রে নির্ভর করে জীবনের প্রয়োজনীয় সমস্ত প্রাচুর্যের উপর।' কনস্টান্টিনোপলের মাধ্যমে এশিয়ার অন্তর্বর্তী অঞ্চল [অভ্যন্তর], ইউরোপ এবং উত্তর আফ্রিকা থেকে পণ্যের স্রোত প্রবাহিত হয়েছিল: যেমন উল, চামড়া, পশম এবং ক্যামব্রিক [সাদা লিনেন বা সুতির কাপড়]; লেভান্ট থেকে যেত খাদ্য এবং মশলা, গ্রীস থেকে বস্ত্র; আনাতোলিয়া থেকে লোহা; ভারত এবং সুদূর প্রাচ্য থেকে সোনা এবং মূল্যবান পাথর। এই সাম্রাজ্য পূর্ব থেকে পশ্চিমে সমস্ত চিরাচরিত বাণিজ্য পথের মাঝে দণ্ডায়মান ছিল, এবং তার অধীনে 3,000 মাইলেরও বেশি উপকূলরেখা নিয়ন্ত্রিত ছিল, যা ভূমধ্যসাগরের সবচেয়ে বড় কয়েকটা বন্দর — আলেকজান্দ্রিয়া এবং ত্রিপোলিকেও বেষ্টন করেছিল। এমনকি তার মধ্যে মহান কয়েকটি খ্রিস্টান কেন্দ্র - রাগুসা (ডুব্রোভনিক), জেনোয়া এবং ভেনিসও ছিল — যদিও তাদের উন্নতির শিখরে থাকার সময় শেষ হয়ে গিয়েছিল, তারাও অটোমানদের সাথে তাদের সাথে লড়াইয়ের থেকেও, তাদের সাথে নিয়মিতভাবে বাণিজ্য করত এবং অটোমানদের বাণিজ্যের নেটওয়ার্কে অন্তর্ভুক্ত ছিল . . .

উৎস: Andrew Wheatcroft, *The Ottomans*, Viking (অভিযোজিত)

4 এই অনুচ্ছেদের ভিত্তিতে, কোন দাবিটি সবচেয়ে বেশি বিশ্বাসযোগ্য?
(1) অটোমানদের ক্ষমতা ও দুর্বলতার বিষয়ে ইউরোপীয়দের কোনো সচেতনতা ছিল না।
(2) অটোমানরা এক বিস্তৃত অঞ্চলে রাজনৈতিক ও অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রেখেছিল।
(3) চিরাচরিত ইসলাম সমাজ অটোমানদের উন্নত প্রযুক্তির কাছে পিছিয়ে পড়েছিল।
(4) অটোমানরা ভীতি ও ভয় সঞ্চারের মাধ্যমে শাসন করত।

5 এই অনুচ্ছেদ লেখার পিছনে লেখকের উদ্দেশ্য ছিল
(1) রাষ্ট্রের পৃষ্ঠপোষকতা সম্পন্ন ধর্মের সুবিধাগুলি প্রদর্শন করা
(2) অটোমান সাম্রাজ্যে কৌশলগত অবস্থানের প্রভাব ব্যাখ্যা করা
(3) অটোমানদের সামরিক সফলতার কারণ ব্যাখ্যা করা
(4) কোনো সাম্রাজ্যের উন্নতির পেছনে প্রযুক্তির গুরুত্ব চিত্রিত করা

---

নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে 6 এবং 7 নম্বর প্রশ্নের উত্তর দিন।

. . .অতীতের ওপর একবার চোখ বুলোলে, আমরা ভেনেজুয়েলা প্রজাতন্ত্রের সাধারণ বিষয়বস্তু দেখতে পাব।

আমেরিকা, স্পেনীয় রাজতন্ত্র থেকে বিচ্ছিন্ন হওয়ার পর নিজেকে রোমান সাম্রাজ্যের মতো দেখেছিল, যেখানে বিশাল অংশ প্রাচীন বিশ্বের মাঝে টুকরো টুকরো খণ্ডিত হয়ে পড়েছিল। প্রতিটি খণ্ডিত অংশ তার পরিস্থিতি বা তার স্বার্থ অনুসারে একটি স্বাধীন দেশ গঠন করে, তবে পার্থক্য হল সেই সদস্যরা তাদের পূর্বের সমিতিগুলিকেই নতুন করে প্রতিষ্ঠা করেছিল। আমরা একসময় যা ছিলাম, তার নিদর্শন [চিহ্ন]টুকুও সংরক্ষণ করি না; আমরা ইউরোপীয় নই, আমরা ভারতীয় নই, বরং আদিবাসী এবং স্পেনীয়দের এক মধ্যবর্তী প্রজাতি—জন্মসূত্রে যারা আমেরিকান এবং অধিকারবোধে ইউরোপীয়, হানাদার বিরোধীদের প্রতিরোধের পরিবর্তে আমরা আমাদের জন্মের দেশেই স্থানীয়দের সাথে আমাদের পদ, সম্পত্তি এবং নিজেদের মর্যাদা রক্ষা নিয়ে দ্বিধাদ্বন্দ্বে ভুগছি। সুতরাং, আমাদের কেসটা সবচেয়ে অসাধারণ এবং জটিল। উপরন্তু, আমাদের অংশটি সর্বদা একটি সম্পূর্ণরূপে পরোক্ষ অবস্থায় ছিল; আমাদের রাজনৈতিক অস্তিত্ব সর্বদাই শূন্য, এবং দাসত্বের থেকেও নিম্ন অবস্থানে থাকার চেয়েও স্বাধীনতা অর্জনে আমরা বেশি সমস্যায় পড়েছি, কারণ আমাদের শুধু স্বাধীনতাই হরণ হয়নি, বরং সাথে আমরা সক্রিয় ও দেশীয় অত্যাচারেরও শিকার। আমাকে এই আপাতবিরোধী বিষয় [বিরোধ] ব্যাখ্যা করতে দিন. . . .

উৎস: Simon Bolivar, Address to Congress of Angostura, 1819

6 এই অনুচ্ছেদের বর্ণনা অনুসারে, কোন ঐতিহাসিক নথি ভেনেজুয়েলা সরকারকে সবচেয়ে বেশি প্রভাবিত করেছিল?
(1) লকের *টু ট্রিটিজ অফ গভর্নমেন্ট*
(2) অ্যাডাম স্মিথের *দ্য ওয়েলথ অভ নেশনস*
(3) মেরি উলস্টোনক্রাফটের “এ ভিন্ডিকেশন অফ দ্য রাইটস অফ উইম্যান”
(4) দ্য নেপলিয়ান কোড

7 এই অনুচ্ছেদের প্রধান উদ্দেশ্য কী?
(1) মাতৃভূমির সাথে রাজনৈতিক সম্পর্ক পুনরায় গড়ে তোলা
(2) দক্ষিণ আমেরিকার অর্থনৈতিক বৈচিত্র্যের প্রচার করা
(3) লাতিন আমেরিকান সমাজে অবিশ্বাসভাজন তত্ত্বগুলিকে অনাবৃত করা
(4) দেশের একতার বাধাসমূহ চিহ্নিত করা

নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে 8 এবং 9 নম্বর প্রশ্নের উত্তর দিন।

> . . .এই কারণে, আমরা সমস্ত ভদ্রলোক এবং বরিষ্ঠদের, দোকানদার এবং উপকূলবর্তী গ্রাম ও পল্লীর বাসিন্দাদের কাছে সম্পূর্ণ তথ্য প্রদানের ঘোষণা করছি। এখানে আপনাকে অবিলম্বে আনুগত্য প্রদান করুন; পরামর্শ গ্রহণের জন্য একত্রিত হন; অস্ত্র-শস্ত্র কিনুন; নিজেদের গ্রামবাসীদের মধ্যে সবচেয়ে শক্তিশালী [সবচেয়ে সাহসী] লোকের সাথে যোগ দিন এবং এইভাবে নিজেকে রক্ষা করার জন্য প্রস্তুত থাকুন। যদি উল্লিখিত বিদেশীদের কাউকে উপকূলে গিয়ে সমস্যা সৃষ্টি করতে দেখা যায়, তবে সকলকে এবং প্রত্যেককে তাদের উপর গুলি চালানোর অনুমতি দেওয়া হল, তাদের প্রতিরোধ করার এবং ফিরে যেতে বাধ্য করার বা তাদের বন্দী করার অনুমতি দেওয়া হল। তারা নিশ্চিতভাবেই সংখ্যায় অল্প, তাই অনেক লোকের প্রতিরোধ করতে সক্ষম হবে না। এমনকি তারা ঝর্ণা থেকে জল নিতে এলেও, তাদের এগিয়ে আসা বন্ধ করে দিতে হবে এবং তাদের জল পান করতে দেওয়া যাবে না। কিন্তু যতক্ষণ না উল্লিখিত বিদেশিরা তীরে না আসে, আপনি তাদের জাহাজের কাছাকাছি নৌকোয় করে যাবেন না, অন্য উপায়ে বিঘ্ন ঘটাবেন না, যেটা করলে অবশ্যই আপনার উপর কঠোর তদন্ত করা হবে। . . .

উৎস: Elijah Coleman Bridgman ed., "Article IV: Proclamation from the Chinese Authorities," *Chinese Repository*, 1839

8 কোন বিবৃতিটি লেখকের এই ঘোষণা জারির উদ্দেশ্য সবচেয়ে সঠিকভাবে বর্ণনা করছে?


(1) বিদেশীদের সাথে বাণিজ্যের প্রচার করা
(2) পাশ্চাত্য বিরোধী প্রতিরোধকে উৎসাহিত করা
(3) আধুনিকীকরণের প্রচেষ্টা শুরু করা
(4) স্বাদু জল-প্রকল্পের জন্য সমর্থন পাওয়া

9 এই অনুচ্ছেদে বর্ণিত কার্যকলাপগুলি সর্বাপেক্ষা প্রত্যক্ষভাবে সম্পর্কিত

(1) তাইওয়ানে জাতীয়তাবাদীদের পিছু হটার সাথে
(2) মাঞ্চুরিয়ার আক্রমণের সাথে
(3) আফিম যুদ্ধ শুরু হওয়ার সাথে
(4) সাইনো-জাপানি যুদ্ধ শুরু হওয়ার সাথে

নিচে দেওয়া মানচিত্র এবং আপনার জীববিজ্ঞান সম্পর্কিত জ্ঞানের ভিত্তিতে 10 এবং 11 নম্বর প্রশ্নের উত্তর দিন।

**মানচিত্রে দেওয়া সালগুলি অটোমান সাম্রাজ্যের অঞ্চল হাতছাড়া হওয়ার বছর নির্দেশ করছে**




উৎস: *World History on File,* Facts on File, 1999 (অভিযোজিত)

10 এই মানচিত্রের ভিত্তিতে, 1800 এবং 1913 সালের মধ্যে অটোমান সাম্রাজ্য কোন উল্লেখযোগ্য চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছিল?

(1) দ্রুত সম্প্রসারণের ফলে উচ্চ মুদ্রাস্ফীতি হওয়া।
(2) জাতীয়তাবাদী আন্দোলনের ফলে অঞ্চল কমে যাওয়া।
(3) আফ্রিকার আঞ্চলিক সম্প্রসারণের জন্য বৃহৎ সামরিক উপস্থিতির প্রয়োজনীয়তা দেখা দেওয়া।
(4) পূর্ব ইউরোপের এলাকা দখলের ফলে ধর্মীয় বিদ্রোহ সৃষ্টি হওয়া।

11 অটোমান সাম্রাজ্যের কোন দাবিটি এই মানচিত্রের দ্বারা সবচেয়ে ভালোভাবে সমর্থন করা যায়?

(1) এটি গুরুত্বপূর্ণ জলপথ ও নদীনালা ব্যবহার করতে পারতো।
(2) এটিকে রাশিয়ার যুক্তরাষ্ট্র কাঠামো থেকে তৈরি করা হয়েছিল।
(3) এতে প্রাকৃতিক সম্পদ ও উষ্ণ জলের বন্দরের অভাব ছিল।
(4) এটি ভূমধ্যসাগরীয় সম্পূর্ণ উপকূল নিয়ন্ত্রণ করতো।

নিচে দেওয়া চিঠি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে 12 এবং 13 নম্বর প্রশ্নের উত্তর দিন।

সিগফ্রেড স্যাসুন নামক এক ইংরেজ সৈন্য তার ঊর্ধ্বতন অফিসারকে এই চিঠিটি পাঠিয়েছিল এবং যুদ্ধ-পরিখায় প্রত্যাবর্তন করতে অস্বীকার করেছিল। চিঠিটি অবশেষে হাউস অফ কমনস-এ পড়া হয় এবং স্থানীয় সংবাদপত্র এবং *দ্য টাইমস অফ লন্ডন*-এ প্রকাশিত হয়।

> আমি সামরিক কর্তৃত্বের ইচ্ছাকৃত অবমাননা রূপে এই বিবৃতি প্রদান করছি, কারণ আমার বিশ্বাস, যারা যুদ্ধ সমাপ্ত করার ক্ষমতা রাখে, তাদের দ্বারাই যুদ্ধকে ইচ্ছাকৃতভাবে দীর্ঘায়িত করা হচ্ছে।
>
> আমি একজন সৈন্য, নিশ্চিতভাবেই আমি সৈন্যদের তরফ থেকেই কাজ করছি। আমার বিশ্বাস, এই যুদ্ধ, যেটাকে আমি প্রতিরক্ষা এবং স্বাধীনতার যুদ্ধ হিসাবে ভেবে অংশ নিয়েছি, তা এখন আগ্রাসন এবং দখলের যুদ্ধে পরিণত হয়েছে। আমার বিশ্বাস, যে উদ্দেশ্যে আমি এবং আমার মতো অনেক সহযোদ্ধারা এই যুদ্ধে অংশ নিয়েছে, তাদের স্পষ্টভাবে বলা উচিত ছিল এটা বদল করা সম্ভব না, এবং এটা করা হলে, যে কারণে [অনুপ্রেরণায়] আমরা এই যুদ্ধে অবতীর্ণ হয়েছি, তা এখন আলাপ আলচনার মাধ্যমে অর্জন করা সম্ভব।
>
> আমি আমার সেনাদলের দুর্দশা দেখেছি এবং সহ্য করেছি, এবং আমি আর এই দুর্দশার অংশ হতে পারবো না সেই ফলাফলের জন্য, যে ফলাফল আমার বিশ্বাসে খারাপ এবং অন্যায়।
>
> আমি এই যুদ্ধের বিধি নিয়ে প্রতিবাদ করছি না, বরং প্রতিবাদ করছি সেই রাজনৈতিক ত্রুটি ও নিরাপত্তাহীনতার বিরুদ্ধে, যার জন্য লড়াইয়ের যোদ্ধাদের প্রাণের বলি হচ্ছে।
>
> এখন যারা দুর্দশা ভোগ করছে, তাদের ওপর হয়ে চলা প্রতারণার বিরুদ্ধে, আমি তাদের পক্ষ থেকে এই প্রতিবাদ জানাচ্ছি; এছাড়াও আমার বিশ্বাস, আমি সেই অনুভূতির দ্বারা নির্মম আত্মতৃপ্তি [ঠাণ্ডা মাথায় সন্তুষ্টি] ধ্বংস করতে পারি, যে যন্ত্রণার অনুভূতি আমাদের বাড়ির লোকেদের ধারাবাহিকভাবে অনুভূত হয়, যা তারা কারোর কাছে বলতে পারে না এবং যেগুলি উপলব্ধি করার মতো পর্যাপ্ত ধারণা কর্তৃপক্ষের নেই।

উৎস: Siegfried Sassoon, “Finished with the War: A Soldier’s Declaration,” *Bradford Pioneer*, 1917

12 কোন বিবৃতিটি লেখকের দৃষ্টিভঙ্গি সবচেয়ে সঠিকভাবে বর্ণনা করে?


(1) বিশ্বের নেতারা নিজেদের স্বার্থ চরিতার্থ করার জন্য যুদ্ধ চালিয়ে যায়।
(2) সেনারা কখনোই যুদ্ধ সমর্থন করেনি।
(3) সৈন্যরা যুদ্ধ সমাপ্তির আলোচনার প্রচেষ্টাকে সমর্থন করেনি।
(4) যুদ্ধ চলতে থাকার ফলে জাতীয়তাবাদ ও দেশপ্রেম বৃদ্ধি পায়।

13 লেখকের এই চিঠির উদ্দেশ্য কী ছিল?


(1) ইংরেজ সরকারের লক্ষ্যগুলির প্রচার করা
(2) ইংরেজ সৈন্য হিসাবে তার পদোন্নতি করা
(3) সৈন্য নিয়োগের পন্থার বিষয়ে পরামর্শ দেওয়া
(4) এই যুদ্ধের বিরুদ্ধে তার অসহযোগিতার ব্যাখ্যা দেওয়া

নিচে দেওয়া মানচিত্র এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে 14 এবং 15 নম্বর প্রশ্নের উত্তর দিন।

**মানচিত্র A:**
**আফ্রিকায় উপনিবেশ, 1952**




**মানচিত্র B:**
**1975 সালে আফ্রিকা**




উৎস: Sidney Schwartz and John R. O’Connor, *Imperialism and the Emerging Nations*, Globe Book (অভিযোজিত)

14 কোন ঐতিহাসিক ঘটনাটি মানচিত্র A-তে প্রদর্শিত স্থিতি আনয়নের ক্ষেত্রে উল্লেখযোগ্য কারণ ছিল?

(1) গ্রেট লিপ ফরোয়ার্ড
(2) ব্রিটেন কনফারেন্স
(3) লিগ অফ নেশনস-এর প্রতিষ্ঠা
(4) ওয়ার্ল্ড ট্রেড অর্গানাইজেশন গঠন করা

15 দুটি মানচিত্রে দেখানো জাতীয় সীমানার পার্থক্যগুলি কোন জিনিসটি সবচেয়ে সঠিকভাবে ব্যাখ্যা করে?

(1) নগরায়নের নতুন প্যাটার্ন
(2) আধুনিকায়নের বিরোধিতা
(3) জাতীয়তাবাদী আন্দোলনের বিস্তার
(4) কোল্ড ওয়ার-এর সমাপ্তি

নিচে দেওয়া নথি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে 16 এবং 17 নম্বর প্রশ্নের উত্তর দিন।







উৎস: Harcourt Fuller, "Father of the Nation: Ghanaian Nationalism, Internationalism and the Political Iconography of Kwame Nkrumah, 1957-2010," *African Studies Quarterly*

> আমার সম্মতি অনুসারে আমার ক্যাবিনেট সিদ্ধান্ত নিয়েছে, কয়েনে বা অর্থে আমার মাথার ছবি দেওয়া থাকবে, কারণ আমার দেশের অনেক মানুষই লিখতে বা পড়তে পারে না। তাদের দেখাতে হবে যে তারা সত্যিই স্বাধীন। এবং সেটা শুধুমাত্র প্রতীকের মাধ্যমেই দেখানো যাবে। স্ট্যাম্প কেনার সময় লোকেরা আমার ছবি দেখতে পাবে—যে তাদেরই মতো একজন আফ্রিকান—এবং বলবে "দেখো আমাদের নেতার ছবি স্ট্যাম্পে দেওয়া রয়েছে। আমরা প্রকৃতপক্ষেই স্বাধীন মানুষ!" . . .

উৎস: Kwame Nkrumah, June 21, 1957

16 এই নথিতে প্রাপ্ত প্রমাণের ভিত্তিতে কোন দাবিটি সবচেয়ে সঠিকভাবে সমর্থিত?

(1) মিডিয়া এবং প্রোপাগান্ডাকে জাতীয় লক্ষ্যের প্রচারের কাজে ব্যবহার করা যায়
(2) একনায়কতন্ত্রের পরিণতিতে বিদ্রোহ এবং জাতীয়তাবাদী সংগ্রাম সৃষ্টি হয়।
(3) সরকার সমর্থিত কৃষি কর্মসূচি প্রয়োজনীয়।
(4) নাগরিকদের যে কোনো ব্যক্তির সাথে ভ্রমণ ও বাণিজ্য করার স্বাধীনতা থাকা উচিৎ।

17 ঘানার সরকার এই স্ট্যাম্পগুলিকে এটি প্রচারের মাধ্যম হিসাবে ব্যবহার করেছিল

(1) ব্রিটিশ সাম্রাজ্যবাদ
(2) ঘানার পরিবেশগত সমস্যা
(3) আন্তর্জাতিক গোষ্ঠীতে জড়িত থাকা
(4) দেশের বৃহৎ সংখ্যক নিরক্ষর জনগোষ্ঠীকে নিয়ে জাতীয় গর্ব

নিচে দেওয়া কার্টুন এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে 18 এবং 19 নম্বর প্রশ্নের উত্তর দিন।

**হুইটলিং হাম ডাউন**




উৎস: Gib Crockett, *Washington Star Syndicate*, 1965

18 এই কার্টুনে প্রদর্শিত প্রমাণের ভিত্তিতে কোন দাবিটি সর্বোত্তম সমর্থিত?

(1) হো চি মিন উত্তর ভিয়েতনামকে দক্ষিণ ভিয়েতনামের থেকে আলাদা করে রাখতে চেয়েছিলেন।

(2) মার্কিন যুক্তরাষ্ট্র দক্ষিণ ভিয়েতনামে সাম্যবাদের প্রসার বন্ধ করার জন্য বিমান হামলার পদ্ধতি ব্যবহার করেছিল।

(3) হো চি মিন ভিয়েতনামে ফরাসি উপনিবেশের অবসান ঘটানোর জন্য মার্কিন যুক্তরাষ্ট্রকে বিমান হামলা করার জন্য আমন্ত্রণ জানিয়েছিল।

(4) মার্কিন যুক্তরাষ্ট্রের দ্বারা চিন থেকে দক্ষিণ ভিয়েতনামকে মুক্ত করার প্রচেষ্টা সফল হয়েছিল।

19 কার্টুনে হো চি মিনের এই শুঁড়গুলির প্রসার নির্দেশ করছে

(1) তিনি এই অঞ্চলে শক্তিশালী নৌবহর উপস্থিত রাখার বিষয়ে আগ্রহী

(2) তার ভিয়েতনামকে একত্রিত করার লক্ষ্য

(3) তিনি চীনের সমর্থন পেতে মার্কিন যুক্তরাষ্ট্রকে সহযোগিতা করতে চেয়েছিলেন

(4) তার দক্ষিণ ভিয়েতনামের প্রতিবেশীদের জয় করার রাজনৈতিক উচ্চাকাঙ্ক্ষা

নিচে দেওয়া ফটো এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে 20 এবং 21 নম্বর প্রশ্নের উত্তর দিন।



উৎস: Fabrizio Bensch, "The Day the Wall Came Down," *Slate*



উৎস: Carol Guzy, Berlin, 1989 (অভিযোজিত)

20 এই ফটোগ্রাফগুলি কোন দ্বন্দ্বের পরিসমাপ্তি পর্যালোচনা করার সময় সবচেয়ে উপযুক্তভাবে ব্যবহার করা যাবে?

(1) কোরিয়ার যুদ্ধ
(2) দ্বিতীয় বিশ্বযুদ্ধ
(3) কোল্ড ওয়ার
(4) পারস্যের উপসাগরীয় যুদ্ধ

21 এই ফটোগুলিতে দেখানো কাজের তাৎক্ষনিক ফলাফল কী ছিল?

(1) এক-দলীয় রাজনৈতিক প্রণালী গঠন
(2) ফ্যাসিবাদী একনায়কদের উত্থান
(3) পূর্ব ও পশ্চিম ইউরোপের মধ্যে উত্তেজনা প্রশমন
(4) নর্থ অ্যাটলান্টিক ট্রিটি অর্গানাইজেশন [NATO] এর প্রতিষ্ঠা

নিচে দেওয়া কার্টুন এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে 22 নম্বর প্রশ্নের উত্তর দিন।




উৎস: Toles, “Unfavorable Exchange Rate,” *Washington Post*, 2011

22 এই কার্টুনে কোন দৃষ্টিভঙ্গি ফুটে উঠছে?

(1) চীন এই সময়ে বৈশ্বিক বাণিজ্য বাজারে অংশ নিচ্ছে না।
(2) চীন এই দেশে গণতন্ত্রী ধারণার প্রবেশ প্রতিরোধের চেষ্টা করেছে।
(3) চীন গণতন্ত্রকে একটি আকর্ষণীয় আমদানি হিসাবে দেখছে।
(4) চীন তার প্রাচীর শক্তিশালী করার বাহানা খুঁজছে।

নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে 23 নম্বর প্রশ্নের উত্তর দিন।

> . . .সীমা উন্মুক্ত করার একটা সমস্যা হল মাত্র কয়েকজন বিজেতাই এই মুক্ত বাণিজ্যের পরিণতিস্বরূপ লাভের পরিধি উপলব্ধি করতে পারে। যানবাহন, পোশাক বা জুতো শিল্পের শিল্পচ্যুত শ্রমিকদের ক্ষতির কথা রাতের খবরে স্পষ্টভাবে উল্লেখ করা হয়, কিন্তু খুব কম সংখ্যক আমেরিকানই উপলব্ধি করতে পারে যে, বিশ্বের অন্যান্য অংশের সাথে দেশের এই উন্মুক্ততার ফলে গাড়ি, পোশাক এবং জুতো সস্তা হয়েছে, ভালো মানের বা আরও বৈচিত্র্যময় হয়েছে। যে শ্রমিকরা মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে বিক্রিত পণ্য তৈরি করে, তারা প্রায়শই উপলব্ধি করতে সক্ষম হয় না যে, তাদের চাকরি এবং মজুরি আমেরিকার আমদানি করার ইচ্ছার পাশাপাশি রপ্তানি করার ক্ষমতার উপরেও কতখানি নির্ভরশীল। যারা পেনশন তহবিলে অংশগ্রহণ করে থাকেন, তারা তাদের রিটার্ন খুব কমই উপলব্ধি করতে পারেন। . . . তারা বিদেশী বিনিয়োগ করার জন্য তহবিলের সক্ষমতা দেখে উৎসাহিত হন, এবং প্রায় কোনো ঋণগ্রহীতাই উপলব্ধি করেন না যে, কোনো বন্ধক বা গাড়ী ঋণের খরচ কম, কারণ আমেরিকা এখানে অর্থ বিনিয়োগের জায়গা হিসাবে বিদেশীদের আকর্ষিত করে। এই সমস্ত সুবিধাগুলি সাধারণ আমেরিকানদের জীবনযাত্রার মান উন্নত করতে সাহায্য করে এবং সেগুলি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে আমাদের উন্মুক্ততার মধ্যেই সনাক্ত করা যেতে পারে। অধিকাংশ নাগরিকের কাছেই এগুলি প্রায় অদৃশ্য; কিন্তু কোনো কারখানা বন্ধ হয়ে গেলে শ্রমিকরা যে কষ্টকর ক্ষতির সম্মুখীন হয়, তার চেয়ে অবশ্যই এটা অনেক কম দৃশ্যমান। . . .

উৎস: Burtless et al., *Globaphobia*, Brookings Institution, 1998

23 অর্থনীতিবিদের কাছে এই অনুচ্ছেদটি এই ক্ষেত্রে সবচেয়ে বেশি কাজে লাগতে পারে

(1) লেইসেজ ফেয়ার নীতি সমর্থন করা
(2) প্রতিরক্ষামূলক শুল্কের পক্ষ সমর্থন করা
(3) শ্রমিক নিপীড়নের বিরুদ্ধে প্রতিবাদ সংগঠিত করা
(4) কম সংখ্যক পরিবেশগত বিধিনিষেধের পক্ষে সওয়াল করা

নিচের শিরোনাম এবং সামাজিক অধ্যয়ন সম্পর্কে আপনার জ্ঞানের ভিত্তিতে 24 এবং 25 নম্বর প্রশ্নের উত্তর দিন।

**"HIV/AIDS এখনও সারা বিশ্বে উদ্বেগের বিষয়"**
**"পশ্চিম নাইল নদীর ভাইরাস একটি বড়সড় হুমকি"**
**"পশ্চিম আফ্রিকাতে ইবোলার কারণে 11,000 জনের মৃত্যু"**
**"জিকা ভাইরাস 50টি দেশে ছড়িয়ে পড়েছে"**

24 এই 21 শতকের শিরোনামগুলির মধ্যে কোন দাবিটি সবচেয়ে ভালোভাবে সমর্থন করে?

(1) বিশ্বব্যাপী মেলামেশার কারণে মহামারী রোগ ছড়াতে পারে।
(2) উচ্চ আয়ের দেশগুলিকে সংক্রামক রোগ নিয়ে ভাবতে হবে না।
(3) অধিকাংশ সংক্রামক রোগের কারণ হল দূষণ।
(4) মূলতভাবে মহামারী রোগগুলি হল অর্থনৈতিক বৈষম্যের কারণ।

25 21 শতকের এই শিরোনামগুলির ফলে কোন আন্তর্জাতিক প্রতিক্রিয়া হয়েছিল?

(1) উত্তর আটলান্টিক নিরাপত্তা জোট (NATO) রোগের বিস্তার বন্ধ করার জন্য সামরিক শক্তির ব্যবহার করেছিল।
(2) বেসরকারী সংস্থাগুলি (NGO) রোগগুলি নিয়ন্ত্রণ না হওয়া পর্যন্ত আর্থিক সহায়তা বন্ধ রেখেছিল।
(3) ইউরোপীয় ইউনিয়ন (EU) ভুক্তভোগীদের জন্য শরণার্থী শিবির তৈরি করেছিল।
(4) বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) এবং আন্তর্জাতিক কমিউনিটি এই মহামারীর কারণ ও প্রতিকার খুঁজে বের করার উদ্যোগ নিয়েছিল।

নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে 26 নম্বর প্রশ্নের উত্তর দিন।


> . . .যত তাড়াতাড়ি সম্ভব আমরা জ্বালানি এবং সরবরাহ পুনরায় সংগ্রহ করি, তারপর এই অঞ্চলে আরো একবার বিমান টহলে বেরোই। এই সময়ের মধ্যেই, হাশাবা এবং কোকোনোর পুরো গ্রাম এবং উম জাইফার 90 শতাংশ আগুনে ধ্বংস হয়ে যায়। প্রতিটি যাযাবর কুঁড়েঘর এবং জানজাউইদ [ভাড়াটে সৈন্য]-এর দ্বারা তিন ঘন্টা আগে বিতরণ করা লুটপাটের জিনিস নিশ্চিহ্ন হয়ে গিয়েছিল। আমাদের চোখে খালি নজরে আসে সাদা বা ধূসর বা কাঠকয়লার রেখা, যেগুলো কিছু আগেই মানুষের বসবাসের স্থান ছিল। আমি এই মাত্রায় নিয়মতান্ত্রিক ধ্বংস কখনও দেখিনি।

উৎস: Steidle and Wallace, *The Devil Came on Horseback: Bearing Witness to the Genocide in Darfur,* PublicAffairs, 2008

26 এই অনুচ্ছেদে বর্ণিত কাজগুলির দ্বারা জাতিসংঘের মানবাধিকারের সার্বজনীন ঘোষণার কোন বিধি লঙ্ঘিত হয়েছিল?

(1) কাউকে অধীনস্থ করে বা দাসত্বে রাখা যাবে না।
(2) কাউকে নির্বিচারে গ্রেপ্তার, আটক বা নির্বাসিত করা যাবে না।
(3) কাউকে কোনো সমিতির অন্তর্ভুক্ত হওয়ার জন্য বাধ্য করা যাবে না।
(4) কাউকে নির্বিচারে তার সম্পত্তি থেকে বঞ্চিত করা যাবে না।

নিচে দেওয়া কার্টুন এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে 27 এবং 28 নম্বর প্রশ্নের উত্তর দিন।




উৎস: Herblock, *Washington Post*, February 26, 1999

27 এই কার্টুনে যে আচরণের সমালোচনা করা হয়েছে, তা কোন ধারণার সাথে সবচেয়ে ভসঠিকভাবে মেলে?

(1) মৈত্রী
(2) তোষণ
(3) জোটে না থাকা
(4) পারমাণবিক বিস্তার

28 এই কার্টুনে প্রদর্শিত কোন সংগঠনটি মানবাধিকার লঙ্ঘনের সমাপ্তিতে প্রত্যক্ষভাবে সহায়তা করেছিল?

(1) WTO – বিশ্ব বাণিজ্য সংস্থা
(2) OAU – আফ্রিকার ঐক্য সংগঠন
(3) NATO – উত্তর আটলান্টিক চুক্তি সংস্থা
(4) OPEC – পেট্রোলিয়াম রপ্তানিকারক দেশগুলির সংগঠন

নাম ______________________________ স্কুল ______________________________

**প্রদত্ত স্থানে 29–34b প্রশ্নগুলোর উত্তর লিখুন। এই প্রশ্নগুলোর উত্তর দিতে কাল বা গাঢ়-নীল কালির কলম ব্যবহার করুন।**

## অংশ II

## অল্প-কথায় উত্তর গঠিত-সাড়া প্রদানের প্রশ্নসমূহ (CRQ)

**এই প্রশ্নগুলো সাথে থাকা নথিগুলোর উপর ভিত্তি করে তৈরি এবং ঐতিহাসিক নথি নিয়ে আপনার কাজ করার ক্ষমতা পরীক্ষা করার জন্য তৈরি করা হয়েছে। প্রতিটি গঠিত-সাড়া প্রদানের প্রশ্নসমূহ (CRQ) সেট দুটি নথি দিয়ে তৈরি। এই প্রশ্নের উদ্দেশ্যে এই নথিগুলোর মধ্যে কয়েকটি সম্পাদিত হয়েছে। মনে রাখবেন, কোনো নথিতে ব্যবহৃত ভাষা ও ছবি সেই নথি তৈরি করার সময়ের ঐতিহাসিক পরিপ্রেক্ষিতকে প্রতিফলিত করতে পারে।**

অংশ II-এ আপনার উত্তর দেওয়ার সময়, এই ব্যাখ্যাগুলো অবশ্যই মনে রাখবেন:

**সনাক্ত করুন**—মানে হলো, একটি নাম দেওয়া বা নাম করা।

**ব্যাখ্যা করুন**—অর্থ সরল করা বা বোঝা যায় এমন করা; কোনো কিছুর জন্য কারণ দেওয়া বা কোনো কিছুর কারণ বলা; কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা কোনো কিছুর সাথে সম্পর্ক।

---

**সংক্ষিপ্ত উত্তর CRQ সেট 1 কাঠামো**

- প্রশ্ন 29 নথি 1 ব্যবহার করে (প্রসঙ্গ)
- প্রশ্ন 30 নথি 2 ব্যবহার করে (উৎস)
- প্রশ্ন 31 নথি 1 ও 2 ব্যবহার করে (নথিগুলির মধ্যে সম্পর্ক)

---

**সংক্ষিপ্ত উত্তর CRQ সেট 2 কাঠামো**

- প্রশ্ন 32 নথি 1 ব্যবহার করে (প্রসঙ্গ)
- প্রশ্ন 33 নথি 2 ব্যবহার করে (উৎস)
- প্রশ্ন 34a ও 34b নথি 1 ও 2 ব্যবহার করে (নথিগুলির মধ্যে সম্পর্ক)

---


***CRQ সেট 1 নির্দেশনা* (29-31):** নথিগুলো বিশ্লেষণ করুন এবং প্রতিটি নথির নিচে প্রদত্ত স্থানে সংক্ষিপ্ত-উত্তরের প্রশ্নগুলোর উত্তর দিন।

নিচে দেওয়া নথি 1 এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে 29 নম্বর প্রশ্নের উত্তর দিন।

**নথি 1**

**নাগাসাকি, জাপান - আগস্ট 1945**






উৎস: Caren Stelson, *Sachiko: A Nagasaki Bomb Survivor's Story,* Carolrhoda Books, 2016 (অভিযোজিত)

29 সেই ঐতিহাসিক পরিস্থিতি ব্যাখ্যা করুন, যার ফলে নথি 1-এ দেখানো পরিস্থিতি সৃষ্টি হয়েছিল। [1]

Score

নিচে দেওয়া নথি 2 এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে 30 নম্বর প্রশ্নের উত্তর দিন।

**নথি 2**

এটি পারমাণবিক অস্ত্রের বিস্তার-নিয়ন্ত্রণ চুক্তির নির্বাচিত কয়েকটি আর্টিকেল থেকে নেওয়া একটি উদ্ধৃতি, যা সাধারণত পারমাণবিক অস্ত্রের বিস্তার নিয়ন্ত্রণ চুক্তি বা NPT নামে পরিচিত। চুক্তিটি 5 মার্চ, 1970 সালে করা হয়েছিল। প্রতি পাঁচ বছর অন্তর এই চুক্তির সাথে যুক্ত জাতিসংঘের সদস্যরা চুক্তিটিকে পুনর্বিবেচনা করেন। সেই পুনর্বিবেচনার সময়ে দেশগুলি এই চুক্তির পক্ষে থাকতে পারে বা চুক্তি ছেড়ে বেরিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিতে পারে।

**আর্টিকেল I**

চুক্তিতে আবদ্ধ প্রতিটি পারমাণবিক অস্ত্রধারী রাষ্ট্র প্রত্যক্ষ বা পরোক্ষভাবে পারমাণবিক অস্ত্র বা অন্যান্য পারমাণবিক বিস্ফোরক উপকরণ বা এই ধরনের অস্ত্র বা বিস্ফোরক উপকরণ কোনো প্রাপকের কাছে হস্তান্তর না করার অঙ্গীকার করছে বা এই ধরনের অস্ত্র বা বিস্ফোরক উপকরণ নিয়ন্ত্রণ না করার অঙ্গীকার করছে; এবং পারমাণবিক অস্ত্রহীন রাষ্ট্রকে পারমাণবিক অস্ত্র প্রস্তুত বা অন্যথায় অর্জন করার কাজে বা অন্যান্য পারমাণবিক বিস্ফোরক উপকরণ তৈরি করার কাজে বা এই ধরনের অস্ত্র বা বিস্ফোরক উপকরণের উপর নিয়ন্ত্রণ করার জন্য কোনোভাবে সহায়তা, উৎসাহ দান বা প্ররোচিত করবে না।

**আর্টিকেল II**

চুক্তিতে আবদ্ধ প্রতিটি পারমাণবিক অস্ত্রহীন রাষ্ট্র প্রত্যক্ষ বা পরোক্ষভাবে পারমাণবিক অস্ত্র বা অন্যান্য পারমাণবিক বিস্ফোরক উপকরণ বা এই ধরনের অস্ত্র বা বিস্ফোরক উপকরণ কোনো প্রেরকের কাছ থেকে গ্রহণ না করার বা এই ধরনের অস্ত্র বা বিস্ফোরক উপকরণ নিয়ন্ত্রণ না করার অঙ্গীকার করছে; এবং পারমাণবিক অস্ত্র প্রস্তুত বা অন্যথায় অর্জন না করার অঙ্গীকার করছে; এবং পারমাণবিক অস্ত্র বা অন্যান্য বিস্ফোরক উপকরণ তৈরি করার কাজে কোনোভাবে সহায়তা পেতে চাইবে না বা গ্রহণ করবে না বলে প্রতিশ্রুতি দিচ্ছে।

উৎস: Treaty on the Non-Proliferation of Nuclear Weapons, enacted on March 5, 1970, United Nations Office for Disarmament Affairs

30 এই অনুচ্ছেদের ভিত্তিতে বিস্তার-নিয়ন্ত্রণ চুক্তির উদ্দেশ্য ব্যাখ্যা করুন। [1]

Score

পরবর্তী পৃষ্ঠায় যান ⇨

নিচে দেওয়া নথি 1 ও 2-এর ***দুটিই*** ব্যবহার করে এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে 31 নম্বর প্রশ্নের উত্তর দিন।

**কারণ**—বলতে এমন বিষয়কে বোঝায়, যেটি কোনো ঘটনা সংঘটিত হওয়ার পেছনে কাজ করে বা কোনো ধারণা সৃষ্টিতে প্রভাব ফেলে অথবা কোনো কিছু বিকশিত হওয়ার পেছনে দায়ী থাকে।

**প্রভাব**—বলতে কোনো ঘটনা, ধারণা বা কিছুর বিকাশের পরিণাম (ফলাফল, প্রভাব, পরিণতি)-কে বোঝায়।

31 এই নথিগুলিতে প্রাপ্ত কারণ ***ও*** প্রভাবের মধ্যেকার সম্পর্ক সনাক্ত করুন এবং ব্যাখ্যা করুন। আপনার উত্তরে নথি 1 ও 2 ***উভয়*** থেকে অবশ্যই প্রমাণ ব্যবহার করবেন। [1]


Score

***CRQ সেট 2 নির্দেশনা* (32-34b):** নথিগুলো বিশ্লেষণ করুন এবং প্রতিটি নথির নিচে প্রদত্ত স্থানে সংক্ষিপ্ত-উত্তরের প্রশ্নগুলোর উত্তর দিন।

নিচে দেওয়া নথি 1 এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে 32 নম্বর প্রশ্নের উত্তর দিন।


**নথি 1**

**স্পিনিং জেনি**



উৎস: *The British Museum,* BBC

**ওয়াটার ফ্রেম**



উৎস: *The Science Museum Group*

32 সেই ঐতিহাসিক পরিস্থিতির ব্যাখ্যা প্রদান করুন, যার ফলে এই ফটোগ্রাফে দেখানো পরিস্থিতি সৃষ্টি হয়েছিল। [1]

Score

নিচে দেওয়া নথি 2 এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে 33 নম্বর প্রশ্নের উত্তর দিন।

**নথি 2**

এটি ইংল্যান্ডের ইয়র্কশায়ারের একটি প্রধান উল উৎপাদনের কেন্দ্র, লিডসের শ্রমিকদের একটি পিটিশনের অংশবিশেষ। এটি স্থানীয় সংবাদপত্রে 1786 সালে প্রকাশিত হয়েছিল।

> **বণিক, কাপড় ব্যবসায়ী এবং এই জাতীয় সকলের থেকে জাতির প্রধান কারখানার প্রতি শুভকামনা।**
>
> কাপড় কারখানায় কাজ করা হাজার হাজার শ্রমিকের সম্বোধন ও আবেদন।
>
> শেওয়েথ [দেখাচ্ছে], যে স্ক্রিবলিং-মেশিন [উল-কার্ডিং মেশিন] প্রবর্তনের আপনার কারখানার হাজার হাজার আবেদনকারী কর্মচ্যুত হয়েছে, যার পরিণতিস্বরূপ তারা অত্যন্ত দুর্দশার মধ্যে রয়েছে, এবং পরিবারের জন্য আয় [জীবিকা উপার্জন] করতে পারছে না এবং তাদের সন্তানরাও শ্রমের কাজের সুযোগ থেকে বঞ্চিত হয়েছে: তাই আমাদের অনুরোধ, আপনারা যেন পক্ষপাত এবং আত্মস্বার্থকে সরিয়ে রাখেন, এবং নিম্নলিখিত তথ্যগুলিতে মনোযোগ প্রদান করেন, যেগুলি কেস অনুসারে প্রয়োজনীয়।
>
> লিডসের প্রায় সতেরো মাইল দক্ষিণ-পশ্চিমে যতগুলি স্ক্রিবলিং-মেশিন রয়েছে, তাদের সংখ্যা প্রায় অবিশ্বাসযোগ্য, সেই সংখ্যা একশ সত্তরের কম নয়! এবং প্রতিটি মেশিন বারো ঘণ্টায় যে কাজ করে, দশজন লোক হাত দিয়ে তত কাজ করতে পারে, (সীমাবদ্ধতা সহ বলা হচ্ছে) এবং তারা রাত-দিন যে কাজ করে, একটি মেশিন একদিনে তত কাজ করে, যেটায় অন্যথায় কুড়ি জন লোক নিয়োগ করতে হতো. . .
>
> তাই আমরা আশা করি, মানবতার খাতিরে যারা এই যন্ত্রের ব্যবহার রোধ করতে সক্ষম, তারা যেন তাদের সহ-শিল্পীদের প্রতি এত পক্ষপাতদুষ্ট [ক্ষতিকর] প্রবণতাকে যতটা সম্ভব নিরুৎসাহিত করবেন . . .
>
> হাজার হাজার মানুষের পক্ষ থেকে স্বাক্ষর করেছেন
> জোসেফ হেপওয়ারথ (Joseph Hepworth), থমাস লবলি (Thomas Lobley)
> রবার্ট উড, থস. ব্ল্যাকবার্ন (Robert Wood, Thos. Blackburn)

উৎস: Leeds Woollen Workers Petition, 1786

33 এই অংশের ভিত্তিতে, 1786 সালে ইংল্যান্ডের লিডসে উল কর্মীদের লেখা এই পিটিশনের উদ্দেশ্য ব্যাখ্যা করুন। [1]

Score

**মোড়**— হল একটি বড় ঘটনা, ধারণা বা ঐতিহাসিক বিকাশ যার ফলে গুরুত্বপূর্ণ পরিবর্তন সাধিত হয়েছিল। এই পরিবর্তন স্থানীয়, আঞ্চলিক, জাতিয় বা বৈশ্বিক হতে পারে।

34a–34b নিচে দেওয়া নথি 1 ও 2-এর ***দুটিই*** ব্যবহার করে এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে উত্তর দিন:

a) নথি 1 ***এবং*** 2-এ যে ঐতিহাসিক বিকাশ দেখা যাচ্ছে, তার সাথে প্রত্যক্ষভাবে সংযুক্ত একটি মোড় সনাক্ত করুন। [1]

b)আপনি যে মোড় সনাক্ত করেছেন, সেটা কীভাবে উল্লেখযোগ্য পরিবর্তন সৃষ্টি করেছে, তা নথি 1 ***এবং*** 2-এর থেকে প্রমাণ ব্যবহার করে ব্যাখ্যা করুন। [1]

Score

**পরবর্তী পৃষ্ঠায় যান ⇨**

## অংশ III

## (প্রশ্ন 35)

## দীর্ঘস্থায়ী সমস্যা সংক্রান্ত রচনা

প্রশ্নটি তার সাথে থাকা নথিগুলির উপর ভিত্তি করে তৈরি। এই প্রশ্নটি ঐতিহাসিক নথিপত্রসমূহ নিয়ে আপনার কাজ করার ক্ষমতা পরীক্ষা করার জন্য প্রণয়ন করা হয়েছে। এই প্রশ্নের উদ্দেশ্যে এই নথিগুলোর মধ্যে কয়েকটি সম্পাদিত হয়েছে। আপনি নথিপত্রসমূহ বিশ্লেষণ করার সময় প্রতিটি নথির উৎস এবং এই নথিতে উপস্থাপন করা হতে পারে এমন যেকোনো দৃষ্টিভঙ্গি বিবেচনা করবেন। মনে রাখবেন, কোনো নথিতে ব্যবহৃত ভাষা ও ছবি সেই নথি তৈরি করার সময়ের ঐতিহাসিক পরিপ্রেক্ষিতকে প্রতিফলিত করতে পারে।

*নির্দেশনা:* পাঁচটি নথির প্রতিটি পড়ুন এবং বিশ্লেষণ করুন এবং একটি সুগঠিত রচনা লিখুন যাতে একটি ভূমিকা, কয়েকটি অনুচ্ছেদ, এবং একটি উপসংহার থাকবে। সমাজ বিজ্ঞানের উপর আপনার জ্ঞান ও নথিগুলো থেকে প্রাপ্ত প্রমাণের উপর ভিত্তি করে প্রাসঙ্গিক তথ্য, উদাহরণ ও বিস্তারিত তথ্য দিয়ে আপনার উত্তরটি সমর্থন করুন।

**কোনো দীর্ঘস্থায়ী সমস্যা হলো এমন একটি চ্যালেঞ্জ বা সমস্যা, যা দীর্ঘ সময় ধরে বিতর্কিত বা আলোচিত। দীর্ঘস্থায়ী সমস্যা হলো এমন একটি সমস্যা যার মোকাবিলা করার চেষ্টা করেছে বহু সমাজ, ভিন্ন পর্যায়ের সফলতা সহ।**

**কাজ:**

- এই নথিগুলোর মাধ্যমে ফুটিয়ে তোলা একটি দীর্ঘস্থায়ী সমস্যা শনাক্ত করুন এবং ব্যাখ্যা করুন
- সামাজিক বিজ্ঞান সম্পর্কে আপনার জ্ঞান এবং নথি থেকে প্রমাণ ব্যবহার করে আপনি যে সমস্যাটি নির্বাচন করেছেন তা কেন তাৎপর্যপূর্ণ এবং এটি কীভাবে স্থায়ী হয়েছে তা নিয়ে বিতর্ক করুন

**আপনার রচনায় নিশ্চিত করুন যে**

- *অন্তত **তিনটি*** নথির ঐতিহাসিকভাবে নির্ভুল ব্যাখ্যার উপর ভিত্তি করে দীর্ঘস্থায়ী সমস্যাটি চিহ্নিত করুন
- *অন্তত **তিনটি*** নথি থেকে প্রাসঙ্গিক প্রমাণ ব্যবহার করে সমস্যাটি ব্যাখ্যা করুন
- নিম্নলিখিত বিষয়গুলো দেখানোর এই দীর্ঘস্থায়ী বিষয়টি যে একটি তাৎপর্যপূর্ণ সমস্যা সে বিষয়ে যুক্তি দিন:
  - কীভাবে এই সমস্যাটি মানুষকে প্রভাবিত করেছে বা মানুষ দ্বারা প্রভাবিত হয়েছে
  - সমস্যাটি কীভাবে সমস্যা হিসেবে থেকে গেছে বা সময়ের সাথে সাথে পরিবর্তিত হয়েছে
- সমাজ বিজ্ঞান সম্পর্কে আপনার জ্ঞান ব্যবহার করে বাইরে থেকে প্রাসঙ্গিক তথ্য অন্তর্ভুক্ত করুন

অংশ III এ আপনার উত্তর লেখার সময়, এই ব্যাখ্যাগুলো অবশ্যই মনে রাখবেন:

**সনাক্ত করুন**—মানে হলো, একটি নাম দেওয়া বা নাম করা।

**ব্যাখ্যা করুন**—অর্থ সরল করা বা বোঝা যায় এমন করা; কোনো কিছুর জন্য কারণ দেওয়া বা কোনো কিছুর কারণ বলা; কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা কোনো কিছুর সাথে সম্পর্ক।

**যুক্তি দিন**—মানে হলো, এমন কয়েকটি বিবৃতি প্রদান যা কোনো উপসংহারের সমর্থনে প্রমাণ ও কারণ প্রদান করে।

**নথি 1**

এটি গ্যাভরিলো প্রিন্সিপ (Gavrilo Princip)-এর দেওয়া সাক্ষ্যের একটি অংশ, যা *দ্য সারাজেভো ট্রায়ালের* পুনর্মুদ্রণ থেকে নেওয়া। তিনি 1914 সালের জুলাই মাসে অস্ট্রিয়ার আর্কডিউক (Archduke) এবং আর্কডাচেস (Archduchess)-কে হত্যার অভিযোগে অভিযুক্ত ছিলেন।

**গ্যাভরিলো প্রিন্সিপ (Gavrilo Princip)-এর শুনানি**

**12 অক্টোবর; 1914**

**বিকালবেলা**

. . .Pr. [প্রসিকিউটর]: — গ্যাভরিলো প্রিনসিপ (Gavrilo Princip)-কে কল করুন. (তাক ভেতরে আনা হল) আপনি কি নিজেকে অপরাধী মনে করেন?

অভিযুক্ত [অভিযুক্ত, গ্যাভরিলো প্রিনসিপ (Gavrilo Princip)]: — আমি অপরাধী নই, কারণ আমি খারাপকেই ধ্বংস করেছি। আমার মনে হয় আমি ভালো. . .

প্র: — আপনার কী ধরনের ধারণা ছিল?

অপরাধী: — আমি একজন যুগোস্লাভীয় জাতীয়তাবাদী এবং আমি সমস্ত দক্ষিণ স্লাভের একত্রীকরণে বিশ্বাস করি, সেটা রাষ্ট্রের যে কোনো রূপেই হোক না কেন এবং তা যেন অস্ট্রিয়া থেকে মুক্ত হয়।

প্র: — আপনার আকাঙ্ক্ষা [উদ্দেশ্য] কী ছিল আপনি কীভাবে তা বাস্তবায়িত করতে চান?

অপরাধী: — সন্ত্রাসের মাধ্যমে।

প্র: — এর অর্থ কী?

অপরাধী: — এর মানে সাধারণভাবে ধ্বংস করে দেওয়া, যারা বাধা দেয় এবং খারাপ কাজ করে, যারা ঐক্যের ধারণার পথে বাধা হয়ে দাঁড়ায় তাদের দূর করা।

প্র: — আপনার কীভাবে মনে হল আপনি এই উদ্দেশ্য পূরণ করতে পারবেন?

অপরাধী: — এছাড়াও আর একটি প্রধান উদ্দেশ্য ছিল অস্ট্রিয়ার জনগণের উপর চাপিয়ে দেওয়া সমস্ত যন্ত্রণার প্রতিশোধ নেওয়া।

প্র: — আপনার চেনাজানা লোকেদের পরিধিতে অস্ট্রিয়ার সম্পর্কে মতামত কী ছিল?

অপরাধী: — মতামত ছিল, অস্ট্রিয়া আমাদের জনগণের সাথে অসদাচরণ করেছে, যা সত্য এবং অবশ্যই তার (অস্ট্রিয়া) প্রয়োজন নেই। . . .

উৎস: W. A. Dolph Owings, *The Sarajevo Trial*, Vol. I, Documentary Publications, 1984

**নথি 2**

## 26 জানুয়ারি, 1930 তারিখে নেওয়া অঙ্গীকার

আমরা বিশ্বাস করি, অন্যান্য মানুষদের মতোই, ভারতীয় জনগণেরও স্বাধীনতা পাওয়ার এবং নিজ নিজ পরিশ্রমের ফল ভোগ করার এবং জীবনের প্রয়োজনীয়তা পূরণের অবিচ্ছেদ্য অধিকার রয়েছে, যাতে তারা সমৃদ্ধি পাওয়ার পূর্ণ সুযোগ লাভ করে। আমরা এটাও বিশ্বাস করি যে, কোনো সরকার যদি জনগণকে এই অধিকার থেকে বঞ্চিত করে এবং তাদের ওপর অত্যাচার চালায়, তাহলে জনগণেরও সরকার পরিবর্তন বা বাতিল করার অধিকার রয়েছে। ভারতে ব্রিটিশ সরকার যে কেবল ভারতীয় জনগণকে স্বাধীনতা থেকে বঞ্চিত করেছে, তা নয় বরং জনসাধারণের শোষণের উপর ভিত্তি করেই সরকার তৈরি করেছে এবং ভারতকে অর্থনৈতিক, রাজনৈতিক, সাংস্কৃতিক এবং আধ্যাত্মিকভাবে ধ্বংস করেছে। তাই আমরা মনে করি, ভারতকে অবশ্যই ব্রিটিশদের থেকে সংযোগ ছিন্ন করতে হবে এবং পূর্ণ স্বরাজ বা সম্পূর্ণ স্বাধীনতা অর্জন করতে হবে।

রাজনৈতিকভাবে, ব্রিটিশ শাসনে ভারতীয়দের মর্যাদা যতটা ক্ষুণ্ণ হয়েছে, ততটা আর কখনো হয়নি। কোনো সংস্কারই জনগণকে প্রকৃত রাজনৈতিক ক্ষমতা প্রদান করেনি। আমাদের মধ্যে সর্বাপেক্ষা মর্যাদা সম্পন্নকেও বিদেশী কর্তৃপক্ষের কাছে মাথা নোয়াতে হয়। স্বাধীন মত প্রকাশের অধিকার এবং অবাধে মেলামেশার অধিকার থেকে আমাদের থেকে বঞ্চিত করা হয়েছে এবং আমাদের অনেক দেশবাসী বিদেশে নির্বাসিত জীবনযাপন করতে বাধ্য হয়েছে, তারা তাদের ঘরে ফিরে আসতে পারে না। সমস্ত প্রশাসনিক প্রতিভাকে হত্যা করা হয়েছে এবং জনসাধারণকে ক্ষুদ্র গ্রাম অফিস এবং করণিকের কাজ নিয়েই সন্তুষ্ট থাকতে হয়েছে।

সংস্কৃতিগতভাবে শিক্ষা ব্যবস্থা আমাদেরকে আমাদের বিশ্বাস থেকে উপড়ে ফেলেছে এবং আমাদের প্রশিক্ষণই আমাদেরকে শক্ত করে বেষ্টন করে রাখা শিকলের সাথে আটকে রেখেছে . . .

উৎস: *Jawaharlal Nehru: An Autobiography*, Bodley Head, 1942

## নথি 3

এই পোস্টারটি 25 ও 26 জুন, 1955-এর সোয়েতো, দক্ষিণ আফ্রিকায় স্বাধীনতা সনদ সাক্ষাতের কথা স্মরণ করায়। দক্ষিণ আফ্রিকার কংগ্রেস জোট এই সনদ 26 জুন, 1955-এ গ্রহণ করেছিল।




উৎস: Judy Ann Seidman, Medu Art Ensemble, 1982

* আফ্রিকা মায়িবুয়ে মানে “আফ্রিকা ফিরিয়ে দিন।” এই স্লোগানটি দক্ষিণ আফ্রিকার সংগ্রামের সময়কালে ব্যবহার করা হয়েছিল।

**নথি 4**

খেমার রুজ 17 এপ্রিল, 1975 সালে কম্বোডিয়ার রাজধানী ফোনম পেন দখল করে।

. . .এইবার ভয়টা সত্য প্রমাণিত হল। খামের রুজ অবিলম্বে প্রত্যেককে বড় শহর পরিত্যাগ করার আদেশ দয়েছিল, এমনকি হাসপাতালের শয্যায় থাকা ব্যক্তিদেরও। যারা ইতস্তত করেছিল, তাদেরকে তারা হত্যা করেছিল। প্রায় 2.5 মিলয়ন পুরুষ, নারী ও শিশু গ্রামাঞ্চলে মিছিল করে সম্পূর্ণ এক নতুন সমাজ গড়ে তোলার জন্য গিয়েছিল। তার মধ্যে দশ লক্ষ মানুষ অনাহারে, মারের চোটে, অতিরিক্ত কাজের চাপে বা জীবন্ত পুঁতে দেওয়ার কারণে মারা যায়। খামের রুজ বেশি মানুষকে গুলি করে মারেনি, কারণ তারা নিজেদের গুলির রসদ বাঁচাতে চেয়েছিল. . . .

বর্তমানে মনে হচ্ছে, খামের রুজ নেতা পল পট (Pol Pot) মনে করে, সে যতদিন না দেশ থেকে সমস্ত বৈদেশিক প্রভাব মুক্ত করছে, ততদিন তার দেশ যথাযথভাবে কাজ করবে না। তার মানে হল সেই সমস্ত কাম্বোডিয়াবাসীকে হত্যা করা হবে, যারা ফরাসি বলে বা পশ্চিমী পোশাক পরে এবং সেই সকল গ্রামবাসীদের বিতাড়িত করা হবে যাদের পূর্বপুরুষ ভিয়েতনামী নয়। 1975 সালের গ্রীষ্মকালে থাইল্যান্ডে শরণার্থীরা আসতে শুরু করে। তাদের কাহিনী এতোই ভয়াবহ ছিল যে প্রথমে কেউ তাদের কথা বিশ্বাস করেনি।. . . .

উৎস: David K. Wright, *War in Vietnam, Book IV–Fall of Vietnam*, Childrens Press, 1989

**নথি 5**

**রুয়ান্ডার গণহত্যা**

. . .হুতু চরমপন্থী, যাদের অধিকাংশই ক্ষমতাসীন দলের সদস্য বা সমর্থক, তারা দশটি আদেশ সমন্বিত একটি নির্দেশের সেট তৈরি করেছিল, যেখানে বলা ছিল হুতুদেরকে কীভাবে তাদের তুতসী প্রতিবেশীদের সাথে আচরণ করা উচিত। অন্যান্য জিনিসের মধ্যে সেই হুতুদের 'বিশ্বাসঘাতক' হিসাবে বর্ণনা করা হয়েছে, যারা কোনো তুতসীকে বিয়ে করেছে, বন্ধুত্ব করেছে বা কাজে নিয়োগ করেছে; সমস্ত তুতসীই অসৎ এবং তাদের ব্যবসা এবং শিক্ষায় প্রভাবশালী অবস্থান থেকে বাদ দেওয়া উচিত; গুরুত্বপূর্ণভাবে এই আদেশনামা - রুয়ান্ডায় বিস্তৃতভাবে ছড়িয়ে পরে - যেটা হুতুদের 'বা তুতসীদের [তুতসী] প্রতি করুণা করা বন্ধ করুন' - এই আহ্বান জানায়। যখন গণহত্যা শুরু হয়, এই আদেশনামা [আদেশ] হাজার হাজার হুতু চাষিরা মান্য করেছিল। চরমপন্থীদের দ্বারা প্রশ্রয়প্রাপ্ত ঘৃণার এই ধর্মতত্ত্বটির সাথে দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরুর আগে ইহুদিদের বিরুদ্ধে নাৎসিদের প্রচারণার উল্লেখযোগ্য মিল ছিল। এটি তুতসীদের প্রান্তিক [অপমান] করে তোলার জন্য এবং এমন একটি পরিবেশ তৈরি করার জন্য বানানো হয়েছিল, যেখানে তাদের ব্যাপক গণ-ধ্বংসলীলা গ্রহণযোগ্য হবে, প্রায় অনিবার্যভাবে. . . .

উৎস: Christina Fisanick, ed., *The Rwanda Genocide*, Opposing View Points Series, Thomson Gale, 2004”

এই পৃষ্ঠা ইচ্ছাকৃত ভাবে ফাঁকা রাখা হয়েছে।

## বিকল্প পরিকল্পনার পৃষ্ঠা

### রচনা পরিকল্পনার পৃষ্ঠায় কষ্টকর বিষয়গুলো

আপনি পরিকল্পনার পৃষ্ঠার অর্গানাইজারটি আপনার সাড়া প্রদানের পরিকল্পনার ব্যবহার করতে পারেন, কিন্তু আপনার রচনাটি এখানে লিখবেন না। পরিকল্পনা পৃষ্ঠায় কিছু লিখলে তা আপনার চূড়ান্ত নম্বরের সাথে যুক্ত হবে না।

আমার দীর্ঘস্থায়ী সমস্যাটি হলো:________________________________________

| **রচনা লেখার প্রয়োজনীয়তাসমূহ** | হ্যাঁ | প্রযোজ্যটি বৃত্তাকারে চিহ্নিত করুন | বাইরের তথ্যের জন্য একটি বা দুটি সম্ভাব্য ধারণা |
|---|---|---|---|
| এই সমস্যাটি কি *অন্তত **তিনটি*** নথি দ্বারা সমর্থিত?<br><br>কোন নথি এই বিষয়টি সমর্থন করে? | | 1 2 3 4 5 | |
| এই ব্যাপারটির ব্যাখ্যা তৈরিতে কোন নথিটি ব্যবহার করা যেতে পারে? | | 1 2 3 4 5 | |
| ব্যাপারটা কি বেশ উল্লেখযোগ্যভাবে মানুষকে প্রভাবিত করেছে অথবা মানুষ দ্বারা প্রভাবিত হয়েছে?<br><br>কোন নথিতে বা নথিগুলোতে আপনি এটি দেখছেন? | | 1 2 3 4 5 | |
| বিষয়টি কি সময়ের সাথে স্থায়ী থেকেছে না সময়ের সাথে পরিবর্তিত হয়েছে?<br><br>কোন নথিতে বা নথিগুলোতে আপনি এটি দেখছেন? | | 1 2 3 4 5 | |

এই কাজটি পর্যালোচনা করতে পৃষ্ঠা 24 এ যান।

রচনা পুস্তিকার লাইন টানা পৃষ্ঠাগুলিতে আপনার রচনা লিখুন।

REGENTS EXAM IN GLOBAL HISTORY AND GEOGRAPHY II BENGALI EDITION

পুনর্ব্যবহৃত কাগজে মুদ্রিত হয়েছে

REGENTS EXAM IN GLOBAL HISTORY AND GEOGRAPHY II BENGALI EDITION